গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্কার শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২১.৬৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮
০৭ মার্চ ২০২২

**অফিস আদেশ**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত কর্মপরিকল্পনা মোতাবেক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ২০২১-২২ অর্থবছরে হজের ০১টি ও অনুদানের ০২টি সহ মোট ০৩টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়, যা নিম্নরূপ:

১। সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা পদ্ধতি উদ্ভাবনী ধারণার মাধ্যমে সহজিকরণ;
২। ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান সহজিকরণ;
৩। EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান।

উক্ত তিনটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।

<u>উদ্ভাবিত উদ্ভাবনী ধারণার সংক্ষিপ্ত বিবরণ</u>

১) সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সেবা পদ্ধতি উদ্ভাবনী ধারণার মাধ্যমে সহজিকরণ:
পবিত্র হজ পালনের জন্য একজন হজগমনেচ্ছু ব্যক্তি প্রথমে জাতীয় পরিচয়পত্র দিয়ে প্রাক-নিবন্ধন করে থাকেন। কোন হজগমনেচ্ছু ব্যক্তি প্রাক-নিবন্ধন বাতিল করতে চাইলে উদ্ভাবিত পদ্ধতিতে প্রাক-নিবন্ধনকারী ব্যক্তির প্রাক-নিবন্ধন বাতিলের আবেদনের সময় তাঁর নিজের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ অনলাইনে আবেদন করবেন। মন্ত্রণালয় হতে অনুমোদনের পর ব্যাংক হতে আবেদনটি নিষ্পত্তি (Disbursement) হবে এবং আবেদনকারীর ব্যাংক হিসেবে স্বয়ংক্রিয়ভাবে EFT'র মাধ্যমে অর্থ স্থানান্তর (Transfer) হবে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২৩.০১.২০২১ তারিখের স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩৫.০০১.১৬.২৫ মূলে আয়োজিত এ সংক্রান্ত উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী মহোদয় সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছু ব্যক্তির প্রাক-নিবন্ধন রিফান্ডের অর্থ অনলাইনে (BEFTN পদ্ধতি) ফেরত প্রদান কার্যক্রম উদ্বোধন করেন। বর্তমানে সিস্টেমটি মন্ত্রণালয়ের তথ্য বাতায়নে (www.mora.gov.bd) ও হজ বিষয়ক পোর্টালে (www.hajj.gov.bd) লাইভ (LIVE) রয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।

লিংক:https://www.hajj.gov.bd/application-of-govt-pilgrim-pre-gistration- refund

২। ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান সহজিকরণ:
ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতি অর্থবছরে ধর্মীয় প্রতিষ্ঠান (মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ঈদগাহ, কবরস্থান, শ্মশান, সেমিট্রি) সংস্কার/ মেরামতের জন্য অনুদান প্রদান করা হয়ে থাকে। ধর্মীয় প্রতিষ্ঠানের সভাপতি বা মনোনিত ব্যক্তিকে নির্ধারিত আবেদন ফর্ম পূরণ করতে হয় এবং পূরণকৃত ফর্মে তিনটি প্রত্যয়ন গ্রহণ করতে হয়।
ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণের জন্য নির্ধারিত ফরমে প্রত্যয়নের ০৩টি ধাপের মধ্যে ০২ টি ধাপ বাদ দিয়ে ০১টি ধাপ করা হয়েছে যার মাধ্যমে একজন উপকারভোগী পূর্বের চেয়ে অনেক সহজে, কম সময়ে ও কম খরচে আবেদন জমা দিতে পারেন। উক্ত উদ্ভাবনী প্রক্রিয়া বাস্তবায়নের জন্য নির্ধারিত আবেদন ফর্মটিতে পরিবর্তন আনা হয়, এবং নতুন ফরম বিতরণ করা হয়।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০৯.২০২১ তারিখের স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০২.০২.০০১.১৬.১৩৫ মূলে অনুদান প্রদানের ফরমে প্রত্যয়নের ধাপ হ্রাসকরণ করা হয়েছে। বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের মাধ্যমে নতুন ফরম ছাপানো হয়েছে এবং বিতরণ করা হয়েছে।

৩। EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান:

ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর প্রতিষ্ঠানের ব্যাংক হিসেবে EFT (Electronic Fund Transfer)-এর মাধ্যমে অনুদানের অর্থ প্রদান করা যাবে, ফলে অতি দ্রুত ধর্মীয় প্রতিষ্ঠানের অনুকূলে অনুদান প্রদান করা সম্ভব হবে। বছর শেষে প্রাপ্তি স্বীকার ও সমন্বয়ের কাজটি স্বয়ংক্রিয় পদ্ধতিতে iBAS++ এ সম্পন্ন হয়ে থাকে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুদান শাখার ১৩.১২.২০২১ তারিখের স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০২.০২.০১২.২১.১ মূলে অনুমোদিত ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে EFT'র মাধ্যমে আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে স্বয়ংক্রিয়ভাবে অর্থ স্থানান্তর (Transfer) এর জন্য ২০২১-২২ অর্থবছরে প্রথম অফিস আদেশ (GO) জারি করা হয়। এ কার্যক্রম চলমান রয়েছে। পর্যায়ক্রমে সকল ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান বিতরণ সম্পন্ন হবে।

৭-৩-২০২২

মোঃ আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮-০২-৯৫৪০১৬৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১২২৮৬

ইমেইল:
reform_sec@mora.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২১.৬৭/১(৩২)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮
০৭ মার্চ ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), উন্নয়ন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩) অতিরিক্ত সচিব (হজ), হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪) অতিরিক্ত সচিব (সংস্থা ও আইন), সংস্থা ও আইন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৬) যুগ্মসচিব (বাজেট ও অনুদান), বাজেট ও অনুদান অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৭) ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৮) যুগ্মসচিব (বাজেট ও হিসাব), বাজেট ও হিসাব অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৯) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
১০) যুগ্মসচিব (সমন্বয় ও সংস্কার) (অতিরিক্ত দায়িত্ব), সমন্বয় ও সংস্কার অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১১) উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১২) উপসচিব (উন্নয়ন), উন্নয়ন অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৩) উপসচিব (অনুদান), অনুদান অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৪) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৫) উপসচিব (হজ), হজ অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১৬) সচিব, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৭) উপসচিব, হজ-১ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৮) সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২০) সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২১) সচিব, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২২) সিনিয়র সহকারী সচিব, অনুদান শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৩) সিনিয়র সহকারী সচিব, হজ-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৪) সিনিয়র সহকারী সচিব, আইন শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৬) সহকারী সচিব, সমন্বয় শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৭) সহকারী সচিব, সংস্থা-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৮) সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৯) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩১) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী , আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।।
৩২) অফিস কপি।

৭-৩-২০২২
মোঃ আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব

.